**বিকশিত ভারত(Viksit Bharat)-এর সংকল্পগুলোকে সমর্থন করা: ভারতে AI-এর দুনিয়ায় আমাদের নতুন বিনিয়োগের ঘোষণা**
সৌরভ তিওয়ারি, ভাইস-প্রেসিডেন্ট ও জেনারেল ম্যানেজার, Cloud AI

ভারতের ডেভেলপার কমিউনিটি, উদ্যমী স্টার্টআপ ইকোসিস্টেম এবং বড় বড় কোম্পনিগুলি যে অভূতপূর্ব গতিতে AI গ্রহণ করছে তা প্রশংসনীয়। ভারতের এই পরিবর্তনের সময়ে আমরা এমন শক্তিশালী, স্থানীয়ভাবে উপলভ্য টুলে বিনিয়োগ করছি, যা একটি বৈচিত্র্যপূর্ণ ইকোসিস্টেমের অগ্রগতিতে সাহায্য করবে, পাশাপাশি এও নিশ্চিত করবে যে আমাদের প্ল্যাটফর্মে আপনি সেই সমস্ত নিয়ন্ত্রণগুলি পাবেন যেগুলি নিয়ম-নীতি অনুসরণ করার ক্ষেত্রে এবং AI-এর সার্বভৌমত্ব নিশ্চিত করার জন্য প্রয়োজনীয়।

আজ আমরা আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে, ভারতের গ্রাহকদের চাহিদা পূরণের লক্ষ্যে আমরা দেশের মধ্যে আমাদের AI হার্ডওয়্যার অবকাঠামোকে আরও শক্তিশালী ও বিস্তৃত করছি। Google-এর AI হাইপারকম্পিউটার আর্কিটেকচার এবং নতুন প্রজন্মের Trillium TPU-গুলির শক্তিতে পরিচালিত এই স্থানীয় কম্পিউট বৃদ্ধি ভারতের ব্যবসায়িক প্রতিষ্ঠান ও সরকারি প্রতিষ্ঠানগুলিকে দেশের মধ্যেই সর্বাধুনিক Gemini মডেল প্রশিক্ষণ ও ব্যবহার করার সুযোগ করে দেবে।

উচ্চ-কার্যক্ষমতাসম্পন্ন ও নিম্ন ল্যাটেন্সিযুক্ত AI অ্যাপ্লিকেশনের নতুন সুযোগ তৈরি করে আমরা আমাদের গ্রাহকদের ভারতের ডেটা রেসিডেন্সি ও সার্বভৌমত্ব মেনে চলার ক্ষেত্রে সহায়তা করতে পারি।

## মডেল ও কন্ট্রোল চালু করা: ভারতের প্রেক্ষাপটে নির্মিত AI টুল

ডিজিটাল সার্বভৌমত্বের মূলভিত্তি হল শক্তিশালী অবকাঠামো, তবে এর সঙ্গে ডেটা ও মডেলগুলির উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ থাকাও জরুরি। আমরা প্রতিশ্রুতিবদ্ধ যে, আমাদের সর্বশেষ AI উদ্ভাবনগুলো আগের যেকোনো সময়ের চেয়ে দ্রুত ভারতে নিয়ে আসব ও সেই সঙ্গে আপনাদের প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ও নিরাপত্তাও নিশ্চিত করব।

আমাদের নতুন পরিষেবাগুলি আপনাকে এমন মডেল তৈরিতে সাহায্য করবে, যা ভারতের বিশেষ ব্যবসায়িক ধারা এবং সমৃদ্ধ সাংস্কৃতিক প্রেক্ষাপট অনুযায়ী কার্যকরভাবে কাজ করতে পারে।

- **ভারতের জন্য নেক্সট-জেনারেশনের মডেল**: এই বছরের শুরুতে, Google Cloud নিয়ন্ত্রিত ভারতীয় গ্রাহকদের জন্য Gemini 2.5 Flash-এর মাধ্যমে Gemini মডেল উপলভ্য করেছে যা স্থানীয় মেশিন লার্নিং প্রসেসিংও সমর্থন করে। এবার আমরা ভারতীয় গ্রাহকদের জন্য আমাদের আধুনিক ও উন্নত Gemini মডেলের প্রাথমিক ব্যবহার পরীক্ষার সুযোগ প্রদান করছি। এছাড়াও, আমরা সম্পূর্ণ ডেটা রেসিডেন্সি সমর্থনের সঙ্গে ভারতের জন্য সর্বাধিক শক্তিশালী Gemini মডেল চালু করার প্রতিশ্রুতি দিচ্ছি। Google Cloud-এর ইতিহাসে প্রথমবারের মতো এটি ভারতের গ্রাহকদের চাহিদা পূরণের জন্য একটি প্রত্যক্ষ প্রতিক্রিয়া।
- **স্থানীয় স্তরে উপলভ্য আরও AI ক্ষমতা**: আমরা ভারতে ডেটা রেসিডেন্সি সমর্থনের সঙ্গে স্থানীয় প্রয়োজন অনুযায়ী নতুন সক্ষমতার একটি সিরিজ চালু করছি, যা অধিকাংশ ক্ষেত্রে ব্যবহৃত মডেল এবং পূর্বনির্মিত AI-পরিচালিত অ্যাপ্লিকেশন সরবরাহ করবে:
  - **Gemini 2.5 Flash-এর ব্যাচ সাপোর্ট**: এটি এখন সাধারণভাবে উপলভ্য, যা কোম্পানিগুলিকে ভারতে উচ্চ-মাত্রার, নন-রিয়েল-টাইম AI টাস্ক কম খরচে করার সুযোগ দেয়।
  - **ডকুমেন্ট AI**: এখন প্রিভিউতে, ভারতীয় ব্যবসাকে ডকুমেন্ট প্রসেস অটোমেটিক করতে সাহায্য করার জন্য আমরা স্থানীয় সহায়তা প্রদান করছি।
- **আপনার AI-এ আরও স্থানীয় কন্টেক্সট**: Google Maps-এর ওপর গ্রাউন্ডিং একটি নতুন ফিচার, যা মডেলের উত্তরগুলিকে রিয়েল টাইমে Google Maps থেকে প্রাপ্ত তথ্যের সাথে সংযুক্ত করে, যাতে AI অ্যাপ্লিকেশন সঠিক ও স্থান-সচেতন ফলাফল দিতে পারে।

## একটি আত্মনির্ভর AI ইকোসিস্টেম: ভারতের সঙ্গে, ভারতের জন্য নির্মিত

দীর্ঘমেয়াদী ডিজিটাল সার্বভৌমত্ব বজায় রাখার ক্ষেত্রে মূল চাবিকাঠি হলো "মানব উপাদান" কে গুরুত্ব দেওয়া — যার অর্থ হলো দক্ষ প্রতিভা এবং উদ্ভাবনী ইকোসিস্টেম তৈরি করা। একটি আত্মনির্ভর AI ভবিষ্যৎ একটি শক্তিশালী স্থানীয় ইকোসিস্টেম গড়ে তোলে।

আমাদের লক্ষ্য হলো ভারতের ইকোসিস্টেম-নির্ভর প্রগতি সমর্থন করা, সেই গবেষক, ডেভেলপার এবং স্টার্টআপকে সহায়তা ও বিনিয়োগ করা যারা ভারতের বিশেষ চাহিদা অনুযায়ী প্রযুক্তি এবং সমাধান তৈরি করছে।

**IIT মাদ্রাসের (চেন্নাই) সঙ্গে যৌথ উদ্যোগ**: Google Cloud এবং Google DeepMind, IIT মাদ্রাসের (চেন্নাই) সঙ্গে যৌথভাবে ইন্ডিক অ্যারেনা (Indic Arena) এর প্রবর্তন সমর্থন করতে পেরে আনন্দিত। IIT মাদ্রাসের (চেন্নাই) খ্যাতনামা AI4Bharat কেন্দ্র স্বতন্ত্রভাবে পরিচালিত এই প্ল্যাটফর্ম ব্যবহারকারীদের ভারত জুড়ে বেনামে AI মডেলগুলির মূল্যায়ন ও র‍্যাঙ্ক করার সুবিধা প্রদান করবে, যা দেশের বৈচিত্র্যময় বহু ভাষিক প্রেক্ষাপটের জন্য বিশেষভাবে ডিজাইন করা হয়েছে। এই উদ্যোগকে সহায়তা করার জন্য আমরা ক্লাউড ক্রেডিট সরবরাহ করছি, যা এই গুরুত্বপূর্ণ কমিউনিটি-ভিত্তিক সম্পদকে কার্যকরভাবে চালাতে সাহায্য করবে।

IIT মাদ্রাসের (চেন্নাই) সহযোগী অধ্যাপক মিতেশ খাপরা বলেছেন, 'AI4Bharat-এ আমাদের মিশন হল ভারতের নির্দিষ্ট চাহিদার জন্য AI তৈরি করা। এর একটি গুরুত্বপূর্ণ দিক হল একটি নিরপেক্ষ ও স্ট্যান্ডার্ড বেঞ্চমার্ক থাকা, যা আমাদের বিভিন্ন ভাষার মধ্যে মডেলগুলির কার্যকারিতা মূল্যায়ন করতে সাহায্য করবে। ইন্ডিক অ্যারেনা (Indic Arena) সেই প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে। এই স্বাধীন, জনসাধারণের জন্য উন্মুক্ত প্রকল্পটি ভারতের AI কমিউনিটির জন্য কার্যকর করতে প্রাথমিক কম্পিউটিং শক্তি প্রদান করতে Google Cloud-এর সমর্থন পেয়ে আমরা অত্যন্ত খুশি।'

আমরা ভারতের সব ডেভেলপার, গবেষক এবং প্রতিষ্ঠানকে ইন্ডিক অ্যারেনা (Indic Arena) প্ল্যাটফর্মটি ব্যবহার করার এবং আরও সমন্বিত AI ভবিষ্যৎ গঠনে অংশ নেওয়ার জন্য আহ্বান জানাই।

আমরা ভারতের সমগ্র ইকোসিস্টেমকে—স্টার্টআপ, বিশ্ববিদ্যালয়, সরকারি সংস্থা ও বড় কোম্পানিগুলোকে ভারতীয়দের দ্বারা, ভারতীয়দের জন্য তৈরি এই নতুন Gemini in Vertex AI-এর এই ডেডিকেটেড আমাদের কাজের জন্য প্রস্তুত পরিকাঠামোর মাধ্যমে পরবর্তী প্রজন্মের AI গড়ার সুযোগ গ্রহণ করতে আহ্বান জানাই।